ভোরের কাগজ

54

তারিখ ... ... DEC 15 1999...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষকদের বাসায় হামলার দায়ে ৪ শিবিরকর্মী গ্রেপ্তার

## শাহজালাল বিশ্ববিদ্যালয়ে পরিস্থিতির উন্নতি, বিডিআর টহল

ইখতিয়ার উদ্দিন, সিলেট অফিস : শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাস ভবনে বোমা হামলা, শিক্ষকের বাসায় হামলা ও ভাঙচুরসহ সাম্প্রতিক সন্ত্রাসী ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশ গতকাল মঙ্গলবার চার শিবির কর্মীকে গ্রেপ্তার করেছে। বিশ্ববিদ্যালয়ে সার্বিক নিরাপত্তা বিধানে বিপুল সংখ্যক পুলিশের পাশাপাশি গতকাল বিডিআরও নামানো হয়েছে। একাডেমিক ভবনসমূহে লাগানো যেসব তালা নামকরণবিরোধীরা 'সিল' করে দিয়েছিল গতকাল সেগুলো ভেঙে ফেলা হয়।

পুলিশ ও বিডিআর-এর কড়া পাহারায় গতকাল শাহজালাল বিশ্ববিদ্যালয় ছিল শান্ত। কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি বা নামকরণবিরোধীদের কোনো তৎপরতাও লক্ষ্য করা যায়নি। তবে গ্রেপ্তারকৃত চার নেতার মুক্তি দাবি করে শিবির শহরে সমাবেশ করেছে।

সোমবার রাতে পুলিশ অভিযান চালিয়ে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মোঃ হাবিবুর রহমানের বাসভবনে বোমা হামলা ও সিন্ডিকেট সদস্য কাজী আফজাল আহমদের বাসায় হামলার ঘটনায় জড়িত থাকার দায়ে চার যুবককে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃতরা হচ্ছে ফয়সল, শাহজাহান, আব্দুল লতিফ ও ইকবাল। এরা প্রত্যেকেই ইসলামী ছাত্রশিবিরের নেতা বলে পুলিশ সূত্র জানিয়েছে।

এ ছাড়া গতকাল সকাল থেকেই পুলিশ বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা বিধানে তৎপর হয়। পুলিশের পাশাপাশি বিডিআর জওয়ানদেরও বিশ্ববিদ্যালয় অভিমুখী সড়কে টহল দিতে দেখা যায়। বিডিআর সূত্র জানায়, সিলেটের জেলা প্রশাসকের অনুরোধে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত শা.বির নিরাপত্তা বিধানে বিডিআরকে প্রস্তুত রাখা হয়। প্রশাসন চাইলে আজ, আগামীকাল বা তার পরেও বিডিআরকে প্রস্তুত রাখা হবে বলে ঐ সূত্র জানায়।

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৮

## ৪ শিবিরকর্মী গ্রেপ্তার

● প্রথম পাতার পর

... সিলেটের পুলিশ সুপার এম এ হানিফ ভোরের কাগজকে বলেন, শা.বির নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সকল পদক্ষেপ নেওয়া হবে। সন্ত্রাসীদের বিরুদ্ধে যেকোনো ব্যবস্থা নিতে পুলিশ বিন্দুমাত্র দ্বিধা করবে না। বাইরে থেকে এনে পুলিশের শক্তি বৃদ্ধি করা হয়েছে বলেও তিনি জানান।

এদিকে, বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, মঙ্গলবার রাতে একাডেমিক ভবনসমূহের যেসব তালায় মৌলবাদীরা বালু ও সিমেন্ট ঢুকিয়ে সিল করে দিয়েছিল পুলিশ সুপারের উপস্থিতিতে সেগুলো ভেঙে ফেলা হয়েছে। শা.বির একাধিক শিক্ষক-কর্মকর্তা পুলিশের গতকালের তৎপরতায় সন্তোষ প্রকাশ করে বলেছেন, এই ধারা অব্যাহত থাকলে ক্যাম্পাসে দ্রুত স্বাভাবিক অবস্থা ফিরে আসবে।

এদিকে, সর্বদলীয় মুক্তিযোদ্ধা-জনতার মঞ্চের নেতারা গতকাল রাতে শা.বি উপাচার্য প্রফেসর মোঃ হাবিবুর রহমানের সঙ্গে তার বাসভবনে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। এ সময় উপাচার্য তার বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক পরিস্থিতি ফিরিয়ে আনতে সকল মহলের সহযোগিতা কামনা করেন। জবাবে নেতৃবৃন্দ সিন্ডিকেট ও শা.বি কর্তৃপক্ষের অবস্থানের প্রতি আস্থা ও সমর্থন পুনর্ব্যক্ত করে বলেন, মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত ছাত্র-জনতা রক্ত দিয়ে হলেও শা.বি. ঐতিহ্য ও সুনাম রক্ষায় দৃঢ় প্রতিজ্ঞ। সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল এ সময় উপস্থিত ছিলেন। নেতৃবৃন্দের মধ্যে ছিলেন, আ ন ম শফিক, লোকমান আহমদ, ব্যারিস্টার আরশ আলী, আবিদ আলী এডভোকেট, বাদল কর, মইনুদ্দিন আহমদ জালাল প্রমুখ। এর আগে নেতৃবৃন্দ সিন্ডিকেট সদস্য কাজী আফজাল আহমদের ক্ষতিগ্রস্ত বাসা পরিদর্শন ও তার সঙ্গে একাত্মতা জ্ঞাপন করেন।